



ফার্মগেটে কৃষি প্রযুক্তিমেলা উদ্বোধন শেষে স্টল ঘুরে দেখেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী

-জনকণ্ঠ

## কৃষিতে প্রযুক্তির ছোঁয়া ও উৎকর্ষের কথা চাষীকে বোঝাতে হবে

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় কৃষি প্রযুক্তি মেলা উদ্বোধনকালে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, কৃষিকে যুগোপযোগী করে তোলার লক্ষ্যেই কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার দিন দিন বেড়ে চলেছে। কৃষিতে যে প্রযুক্তির ছোঁয়া ও উৎকর্ষ লেগেছে কৃষককে তা স্পষ্ট ভাষায় বোঝাতে হবে। কৃষক সব জানে এ রকম ভাবটা আহম্মকের কাজ। নতুন নতুন আবিষ্কার সম্পর্কে তাদের স্পষ্ট করে জানাতে হবে। বিজ্ঞানের

আবিষ্কার যারা মেনে নিতে পারে না; যারা শুধুমাত্র বিরোধিতার জন্য বিরোধিতা করে তারা পশ্চাৎপদ।

### কৃষি প্রযুক্তিমেলা উদ্বোধনীতে মতিয়া চৌধুরী

দেশের কৃষিকে লাভজনক করার জন্য বিজ্ঞানের নব নব আবিষ্কার (১৯ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## কৃষিতে প্রযুক্তির

(২০-এর পৃষ্ঠার পর)

হচ্ছে। কৃষকদের জন্যে সরকার প্রদত্ত সব কথা তাদের কাছে পৌঁছে দিতে হবে। আমাদের দেশের কৃষক কিন্তু রক্ষণশীল নয়, তারা প্রগতিমনা। যখন তারা বোঝে বিজ্ঞানের এ আবিষ্কার কাজে লাগাতে হবে, তখন তাদের কেউ ঠেকাতে পারে না।

রবিবার রাজধানীর ফার্মগেটে খামার বাড়ির আ কা মু গিয়াস উদ্দীন মিলকী অডিটোরিয়ামে তিন দিনব্যাপী 'জাতীয় কৃষি প্রযুক্তি মেলা-২০১৫' এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ সব কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে মতিয়া চৌধুরী আরও বলেন, কৃষিতে বিজ্ঞানভিত্তিক নানা পদক্ষেপের কারণেই খাদ্য উৎপাদনে আজ আমরা নিজেদের স্বয়ংসম্পূর্ণ করতে সক্ষম হয়েছি। খাদ্য সংকট এখন আল্লাহ রহমতে আর নেই, বরং আমরা কিছু হলেও এখন অন্যাকে দেয়ার ক্ষমতা রাখি। কৃষির উন্নয়নে প্রযুক্তি নির্ভর কৃষির কোন বিকল্প নেই। লবণাক্ততা সহিষ্ণু বিভিন্ন জাত আবিষ্কার খাদ্য উৎপাদনে নতুন দিক উন্মোচন করেছে। যারা আমাদের কার্যক্রম নিয়ে সমালোচনা করেন তাদের সাধুবাদ, তাতে আমাদের কান খাড়া থাকে।

কৃষিমন্ত্রী বলেন, কৃষিক্ষেত্রে যেটুকু অর্জন হয়েছে তার সিংহভাগই এসেছে দেশের কৃষক ও কৃষিজীবীদের অক্লান্ত প্রচেষ্টায়। তাই কৃষকের চাহিদা অনুযায়ী আমাদের বিভিন্ন সেবার মান স্বচ্ছ ও আধুনিক হতে হবে। কৃষকের ভাষাতেই প্রযুক্তির সব বিষয় তুলে ধরতে হবে। কৃষক যখন প্রযুক্তির নানা আবিষ্কার দেখবে তখন তারা নিজেরাই সে সবের ব্যবহার শুরু করবে। প্রচারই প্রসার; কিন্তু প্রচার অনেক সময় বিভ্রান্তির সৃষ্টি করে। তা লক্ষ্য রেখেই কৃষি সম্পর্কিত আধুনিক তথ্যের প্রচার করতে হবে।

এ সময় ধর্মান্ত মৌলবাদী জামায়াতী গোষ্ঠীর সমালোচনা করে মতিয়া চৌধুরী বলেন, তারা ধর্মের কথা বলে চাঁদে সাদ্দীকে পাঠিয়ে দেয়। আবার মাইক দিয়ে এ ঘোষণাও দেয়া হয়। নারী নেতৃত্ব নিয়ে তারা সমালোচনা করলেও তাদের মতাদর্শ হচ্ছে "নারী নেতৃত্ব হারাম, পাশে বসলে আরাম আরাম!" এ সময় পবিত্র কোরান থেকে একটি আয়াতের তর্জমা করে তিনি বলেন এ আয়াত জনার জন্যে আমাদেরকে সাদ্দীদের কাছে যেতে হয় না।

উদ্বোধনের আগে মন্ত্রী মেলায় অংশ নেয়া বিভিন্ন স্টল ঘুরে দেখেন। এ সময় তার সঙ্গে কৃষি মন্ত্রণালয় ও